

স্মারক নং : ৩৯৫/এফআরসি/এসএস/২০২৬/৬০৯

তারিখঃ ২৪/০৬/২০২৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৭ (ক) অনুসারে হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশার স্ট্যান্ডার্ডস, নৈতিকতা সম্পর্কিত মান নির্ধারণ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল অতঃপর কাউন্সিল এর সাধারণ উদ্দেশ্যের অন্তর্ভুক্ত এবং উক্ত আইনের ধারা ৮(২)(খ) অনুসারে জনস্বার্থ সংস্থা কর্তৃক ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডস বোর্ড (আইএএসবি) বা এতদসংক্রান্ত অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রণীত আন্তর্জাতিক ভাবে গৃহীত ও মান সম্পন্ন স্ট্যান্ডার্ডসের প্রতিপালন নিশ্চিত করা কাউন্সিলের ক্ষমতার আওতাভুক্ত;

যেহেতু, ইতোপূর্বে কাউন্সিল স্মারক নং ১৪৬/এফআরসি/প্রশাঃ/প্রজ্ঞাপন/২০২০/৬৭ তারিখ : ০২ নভেম্বর ২০২০ এর মাধ্যমে ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডস বোর্ড (আইএএসবি) কর্তৃক প্রণীত এবং উক্ত স্মারকে বর্ণিত IFRS, IFRIC, IAS, SIC স্ট্যান্ডার্ডসমূহ পরিগ্রহণ ও জারি করিয়াছে;

যেহেতু, আইএফআরএস ফাউন্ডেশনের অধীনস্থ ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডস বোর্ড (আইএএসবি) এবং এতদসংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা ইন্টারন্যাশনাল সাসটেইনাবিলিটি স্ট্যান্ডার্ডস বোর্ড (আইএসএসবি) কর্তৃক যথাক্রমে নূতন ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস এবং সাসটেইনাবিলিটি রিপোর্টিং স্ট্যান্ডার্ডস প্রণয়ন ও প্রকাশ করা হইয়াছে;

যেহেতু, কাউন্সিল জনস্বার্থ সংস্থাসমূহের জন্য উল্লিখিত আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক প্রণীত ও প্রকাশিত নূতন স্ট্যান্ডার্ডসমূহ জারিকরণ সমীচীন মনে করে;

যেহেতু, কাউন্সিল আইনের ধারা ৪৩ অনুসারে জরিকরণের উদ্দেশ্যে বিবেচনাধীন স্ট্যান্ডার্ডসমূহ প্রাক-প্রকাশনাপূর্বক আগ্রহী ব্যক্তিবর্গ হইতে ৬০(ষাট) দিবসের মধ্যে মতামত আহ্বান করিয়া কাউন্সিলের ওয়েবসাইটে নোটিশ প্রকাশ করিয়াছে এবং ০২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় ধারাবাহিক ভাবে ০৩(তিন) দিবস বিজ্ঞপ্তি আকারে প্রকাশপূর্বক আগ্রহী ব্যক্তিবর্গ হইতে মতামত সংগ্রহ ও তাহা পর্যালোচনা করিয়াছে; এবং

যেহেতু, প্রাপ্ত মতামতসমূহের পর্যালোচনায় কোন আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু, কাউন্সিল কর্তৃক উহার ৩৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত স্ট্যান্ডার্ডসমূহ হবাহ পরিগ্রহণপূর্বক জনস্বার্থ সংস্থাসমূহের জন্য বর্ণিত শর্তসাপেক্ষে জারি করা হইলঃ

১. IFRS 18 এবং IFRS 19;
২. IFRS S1 এবং IFRS S2;
৩. সকল জনস্বার্থ সংস্থা ক্রমিক ১ এ বর্ণিত স্ট্যান্ডার্ডসমূহ ০১ জানুয়ারি ২০২৭ খ্রিঃ হইতে বাধ্যতামূলক ভাবে প্রতিপালন করিবে;এবং
৪. কাউন্সিল কর্তৃক পরবর্তী নির্দেশনা জারি না করা পর্যন্ত, ক্রমিক ২ এ বর্ণিত স্ট্যান্ডার্ডসমূহ এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে জনস্বার্থ সংস্থা কর্তৃক সাসটেইনাবিলিটি ও ক্লাইমেট রিপোর্টিং এর নিমিত্ত “ব্যবহারের জন্য অনুমোদিত” তথা “Permitted to Use” হিসাবে পরিগণিত হইবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

কাউন্সিলের আদেশক্রমে

ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূঁইয়া

চেয়ারম্যান

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল